**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং ২০২-আইন/২০২৬/৫৭/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১২ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ৯ এর শর্তাংশে উল্লিখিত “এক-চতুর্থাংশের” চিহ্ন ও শব্দগুলির পরিবর্তে “এক-তৃতীয়াংশের” চিহ্ন ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ১৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৫ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“১৫। **ওয়্যারহাউসে এককালীন মজুদ।**- কোনো সময়েই ওয়্যারহাউসে এককালীন মজুদ কাঁচামালের পরিমাণ ওয়্যারহাউসের অনুমোদিত ধারণ ক্ষমতার বেশি হইবে না।”।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।